

ধারা-২ সংজ্ঞা:

২) ডিক্রি: ডিক্রি বলতে আদালতের এমন এক আনুষ্ঠানিক সিদ্ধান্তকে বুঝায় যা পক্ষদের অধিকার এবং দায়-দায়িত্ব চূড়ান্তভাবে নির্ধারণ করে।

ডিক্রি ২ প্রকার। যথাঃ

- প্রাথমিক ডিক্রি
- চূড়ান্ত ডিক্রি

প্রাথমিক ডিক্রি: প্রাথমিক ডিক্রি বলতে এরূপ কোনো ডিক্রিকে বুঝায় যা দ্বারা পক্ষদের অধিকার এবং দায় দায়িত্ব চূড়ান্তভাবে নির্ধারণ করা হয়নি। অর্থাৎ আরো কিছু কাজ বাকি রয়েছে এরূপ ডিক্রি কে প্রাথমিক ডিক্রি বলে।

চূড়ান্ত ডিক্রি: চূড়ান্ত ডিক্রি বলতে এরূপ কোনো ডিক্রিকে বুঝায় যা দ্বারা পক্ষদের অধিকার এবং দায়-দায়িত্ব চূড়ান্তভাবে নির্ধারণ করা হয়।

ডিক্রি বলে গন্য হওয়া: নিম্ন লিখিত বিষয় গুলো ডিক্রি বলে গন্য হবেঃ যেমন

- ৭ নং আদেশের ১১ নং বিধি অনুসারে আরজি খারিজের আদেশ
- ১৪৪ ধারা অনুসারে প্রত্যাপনের আদেশ।

ডিক্রি বলে গন্য হবেনা নিম্ন লিখিত বিষয় গুলোঃ

- ব্যর্থতার কারণে কোনো খারিজের আদেশ।
- যে সকল সিদ্ধান্তের বিরুদ্ধে আদেশের মত করে আপীলের বিধান রয়েছে। অর্থাৎ আপীলযোগ্য আদেশ ডিক্রি বলে গন্য হবেনা।

প্রতিকার-

সাধারণত সকল ডিক্রির বিরুদ্ধে আপীল করা যায়, যদিনা আইনে নিষেধ থাকে।